# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২,খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন ঃ ০২৯৯৭৭১০৪৫০, ০২৯৯৭৭১০৪৪২, E-mail :chairmanbisemym@gmail.com

www.mymensingheducationboard.gov.bd


স্মারক নং - ময়শিবো/পনি/মাধ্য/১০/০২/১৯/৯১ তারিখ: ২১/০৫/২০২৫খ্রি.

বিষয়: মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা - ২০২৫ এর ব্যবহারিক উত্তরপত্রসহ সকল উদৃত্ত মালামাল বোর্ডে জমাদান সংক্রান্ত ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র - ২০২৫ এর সম্মানিত কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী মাধ্যমিক স্কুল সার্টিফিকেট - ২০২৫ পরীক্ষার ব্যবহারিক পরীক্ষার লিখিত উত্তরপত্র, অব্যবহৃত প্রশ্নপত্র, উপস্থিতিপত্র, ব্যবহারিক অনলাইন নম্বরপত্রের প্রিন্ট কপি ও উদৃত্ত মালামাল (মূল উত্তরপত্র, বহুনির্বাচনি উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র, ফয়েল খাম, ট্রাঙ্ক, তালা-চাবি, চটের বস্তা ইত্যাদি) বোর্ডে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ছাড়া কোনো অবস্থাতেই মালামাল গ্রহণ করা হবে না।

বিশেষ দ্রষ্টব্য:

১। হাজিরাপত্র, অনুপস্থিতি তালিকা, বহিষ্কারের তালিকা, ব্যবহারিক অনলাইন নম্বরপত্রের প্রিন্ট কপি বস্তাবন্দী না করে আলাদাভাবে জমা দিতে হবে। জমা দেওয়ার পূর্বে কেন্দ্রে এক কপি অবশ্যই সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য যে, বোর্ড হতে পরবর্তীতে উল্লিখিত কোনো তথ্য সরবরাহ করা হবে না। এ সংক্রান্ত কোনো জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবকে দায় বহন করতে হবে।

২। পুনরায় ব্যবহার উপযোগী মূল উত্তরপত্র, বহুনির্বাচনি উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র সংখ্যা উল্লেখপূর্বক আলাদা আলাদা বস্তায় জমা দিবেন। পুনরায় ব্যবহারের অনুপোযোগী/বিনষ্ট/বাতিল সকল ধরনের উত্তরপত্রসমূহ সংখ্যা উল্লেখপূর্বক আলাদা বস্তায় জমা দিবেন।

৩। ব্যবহারিক পরীক্ষার লিখিত উত্তরপত্র প্রতি বিষয়ের সংখ্যা উল্লেখপূর্বক আলাদা আলাদা ভাবে জমা দিবেন।

৪। ট্রাঙ্কে শুধুমাত্র অব্যবহৃত/ বাতিল প্রশ্নপত্র থাকবে, অন্য কোনো কাগজপত্র বা উত্তরপত্র থাকবে না।

৫। পুনরায় ব্যবহার উপযোগী মূল উত্তরপত্র, বহুনির্বাচনি উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, অব্যবহৃত ব্যবহারিক উত্তরপত্র, অব্যবহৃত/ বাতিল প্রশ্নপত্রসহ ট্রাঙ্ক, বোম্বে রাইসমিল সংলগ্ন গোডাউনে এবং ব্যবহারিক পরীক্ষার লিখিত উত্তরপত্র, পুনরায় ব্যবহারের অনুপোযোগী/বিনষ্ট/বাতিল সকল ধরনের উত্তরপত্রসমূহ, হাজিরাপত্র, অনুপস্থিতি তালিকা, ব্যবহারিক অনলাইন নম্বরপত্রের প্রিন্ট কপি খাগডহরস্থ ২নং ভবনে জমা দিবেন।

### উদৃত্ত মালামাল জমাদানের সময়সূচী

| ক্রমিক নং | জমাদানের তারিখ | জেলার নাম | উপজেলার নাম | জমাদানের সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | ০১/০৬/২০২৫<br>রবিবার | শেরপুর,<br>নেত্রকোণা | সকল উপজেলা | সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত | |
| ২. | ০২/০৬/২০২৫<br>সোমবার | জামালপুর | সকল উপজেলা | | |
| ৩. | ০৩/০৬/২০২৫<br>মঙ্গলবার | ময়মনসিংহ | সকল উপজেলা | | |

২১/০৫/২৫

(প্রফেসর সৈয়দ আক্তারুজ্জামান)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।
ফোন: ০২-৯৯৭৭১০৪৪২
Email: conbisemym@gmail.com
২১/০৫/২০২৫

প্রাপক
কেন্দ্র সচিব
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা কেন্দ্র - ২০২৫